# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১-২৫৪ তারিখ: ০৪-০২-২০২১ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ ও দ্বাদশ শ্রেণির চূড়ান্ত বোর্ড পরীক্ষা-২০২১ এর পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি আপলোডকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ ও দ্বাদশ শ্রেণির চূড়ান্ত বোর্ড পরীক্ষা-২০২১ আসন্ন। কোভিড-১৯ পরিস্থিতিতে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় পরীক্ষার নির্ধারিত পাঠ্যসূচী সুষ্ঠভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। অনলাইনে কিছু শিক্ষা কার্যক্রম পরিচালিত ও প্রচারিত হলেও তা সকলের জন্য নিশ্চিত করা যায়নি। ফলে শিক্ষার্থীদের পরিপূর্ণ শিখনের ক্ষেত্রে কিছু ঘাটতি সৃষ্টি হয়েছে। এমতাবস্থায়, শিক্ষার্থীদের শিখনের ঘাটতি পূরণ এবং পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থী যেন সমস্যায় না পড়ে সেসকল বিষয় বিবেচনা করে আসন্ন চূড়ান্ত পরীক্ষার উপযোগী করে গড়ে তোলার জন্য বর্তমানের পাঠ্যসূচী পূণর্বিন্যাস করার প্রয়োজন দেখা দেয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের একাদশ ও দ্বাদশ শ্রেণির পাঠ্যসূচি অংশীজন, বিষয় বিশেষজ্ঞ এবং বিষয় শিক্ষক সমন্বয়ে কর্মশালার মাধ্যমে পুনর্বিন্যাস করা হয়। পুনর্বিন্যাসকৃত বিষয়/স্পেশালাইজেশন/ট্রেডভিত্তিক পাঠ্যসূচি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

ওয়েবসাইট লিংক: **www.bteb.gov.bd⇒বিজ্ঞপ্তি⇒'এইচএসসি পর্যায়'**

(প্রকৌ. মো: ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০২.৩১.০০১.২১-২৫৪ তারিখ: ০৪-০২-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৪। পরিচালক (কারিকুলাম/পরিচালক(আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাকাশিবো, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট ..............................................................
৮। জনাব ..............................................................................
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১০। অফিস নথি।

(মো: আনোয়ার হোসেন মৃধা)
কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা